

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, হাদীসটি কেবল মু'আবিয়া বিন আবূ সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহুমা এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ مُعَاوِيَةُ بْنُ أَبِي سفيان

আরবী

1668 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ اللَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ مَنْصُورٍ عَنْ عَبَّادِ بْنِ أَنْيْسٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:(الْمُؤَذِّنُونَ أَطْوَلُ النَّاسِ أعناقاً يوم القيامة)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1668 | خلاصة حكم المحدث: صحيح

قَالَ أَبُو حَاتِمٍ: الْعَرَبُ تَصِفُ بَاذِلَ الشَّيْءِ الْكَثِيرِ بِطُولِ الْيَدِ وَمُتَأَمِّلَ الشَّيْءِ الْكَثِيرِ بِطُولِ الْيَدِ وَمُتَأَمِّلَ الشَّيْءِ الْكَثِيرِ بِطُولِ الْعُنُقِ فَقَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَيَامَةِ) يُرِيدُ الْعُنُقِ فَقَوْلُهُ مَا لَيَّا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِنِسَائِهِ: (أَسْرَعُكُنَّ بِي أَطُولَهُمْ أَعْنَاقًا لِتَأَمُّلِ الثَّوَابِ كَمَا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِنِسَائِهِ: (أَسْرَعُكُنَّ بِي أَطُولَهُمْ أَعْنَاقًا لِتَأَمُّلِ الثَّوَابِ كَمَا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِنِسَائِهِ: (أَسْرَعُكُنَّ بِي أَحُوقًا أَطُولُكُنَّ يَدًا) فَكَانَتْ سَوْدَةُ أَوَّلَ نِسَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَحِقَتْ بِهِ وَكَانَتْ سَوْدَةُ أَوَّلَ نِسَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَحِقَتْ بِهِ وَكَانَتْ أَكْثَرَهُنَّ مَدَالًا لَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَحِقَتْ بِهِ

وَلَيْسَ يُرِيدُ بِقَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا أَنَّ الْمُؤَذِينَ هُمْ أَكْثَرُ تأملاً للثواب يوم الْقِيَامَةِ وَهَذَا مِمَّا نَقُولُ فِي كُتُبِنَا: إِنَّ الْعَرَبَ تَذْكُرُ الشَّيْءَ فِي لُغَتِهَا بِذِكْرِ الْحَذْفِ عَنْهُ مَا عَلَيْهِ مُعَوَّلُه فَأَرَادَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَوْلِهِ: (أَطْوَلُ النَّاسِ أَعْنَاقًا) أَيْ: مِنْ أَطُولِ عَلَيْهِ مُعَوَّلُه فَأَرَادَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَوْلِهِ: (أَطُولُ النَّاسِ أَعْنَاقًا) أَيْ: مِنْ أَطُولِ النَّاسِ أَعْنَاقًا فَحَذَفَ (مِنْ) مِنَ الْخَبَرِ كَمَا قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْكِي عَنِ اللَّهِ جَلَّ النَّاسِ أَعْنَاقًا فَحَذَفَ (مِنْ) مِنَ الْخَبَرِ كَمَا قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْكِي عَنِ اللَّهِ جَلَّ وَعَلَا: (أَحَبُ عُبَادِي إِلَيَّ أَعْجَلُهُم فِطْراً) أَيْ: مِنْ أَقْوَامٍ أُحِبُّهُمْ وَهَوَّلَاءِ مِنْهُمْ وَهَوَلَاءِ مِنْهُمْ وَهَوَلُاءِ مِنْهُمْ وَهَوَلُاءِ مِنْهُمْ



السُّنَنِ إِنْ قَصْمَى اللَّهُ ذَلِكَ وشاءه.

বাংলা

১৬৬৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মুয়ায্যিনগণ কিয়ামতের দিন সবচেয়ে দীর্ঘ গর্দানের অধিকারী হবেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "আরবরা অধিক ব্যয়কারী ব্যক্তিকে দীর্ঘ হাত এবং অধিক আশাবাদী ব্যক্তিকে দীর্ঘ গর্দানের অধিকারী হিসেবে অভিহিত করে থাকেন। সুতরাং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "মুয়ায্যিনগণ কিয়ামতের দিন দীর্ঘ গর্দানের অধিকারী হবেন" এর দ্বারা উদ্দেশ্য হলো প্রচুর প্রত্যাশা। যেমনভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর স্ত্রীদের উদ্দেশ্যে বলেছেন, "তোমাদের মাঝে লম্বা হাতের অধিকারিনী সবচেয়ে দ্রুত আমার সাথে যুক্ত হবে" অতঃপর সাওদা রাদ্বিয়াল্লাহু আনহা প্রথম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে যুক্ত হন, আর তিনি ছিলেন তাদের মাঝে সবচেয়ে বেশি দানশীল।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য দ্বারা এটা উদ্দেশ্য নয় মুয়ায্যিনগণই কিয়ামতের দিন সবচেয়ে বেশি দীর্ঘ গর্দানের অধিকারী হবেন। এটা আমরা আমাদের কিতাবগুলোতে বলেছি যে, আরবরা কোন কোন সময় কোন কিছু উল্লেখ করেন, এক্ষেত্রে তারা কিছু মৌলিক শব্দ বিলুপ্ত রাখেন। সুতরাং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "সবচেয়ে দীর্ঘ গর্দানের অধিকারী হবেন" এর দ্বারা উদ্দেশ্য হলো সবচেয়ে দীর্ঘ গর্দানের অধিকারীদের অন্তর্ভূক্ত হবেন। কাজেই এই বাক্যের খবর (বিধেয়) থেকে مِنْ (হতে, অন্যতম) অব্যয় উহ্য রয়েছে। অনুরুপভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেছেন, মহান আল্লাহ বলেন, "আমার বান্দাদের মাঝে সবচেয়ে প্রিয় ঐ ব্যক্তি যিনি তাদের মাঝে সবচেয়ে তাড়াতাড়ি ইফতার করেন।"অর্থাৎ আমি যেসব ব্যক্তিদের ভালবাসি, এরা তাদের অন্তর্ভুক্ত।

এই বিষয় দীর্ঘ আলোচনার বিষয়। আমরা এই ব্যাপারে তৃতীয় ভাগের যথাস্থানে আলোচনা করবো, যদি মহান আল্লাহ তার ফায়সালা করেন এবং তিনি ইচ্ছা করেন।"

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৭২৫; সহীহ মুসলিম: ৩৮৭; তাহাবী, শারহু মুশকিলুল আসার: ২০৮; আবূ আওয়ানা: ১/৩৩৩; তাবারানী আল কাবীর: ১৯/৭৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২২৫; মুসনাদ আহমাদ: ৪/৯৫; সুনান বাইহাকী: ১/৪৩২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাইসীরুল ইনতিফা')



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন